

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৩০৬(আগরতলা- ১৮।০৭)

আমবাসা, ১৮ জুলাই' ১৭

স্বাধীনতা দিবস : আমবাসায় বিভিন্ন কর্মসূচি

অন্যান্য বছরের মতো এ বছরও ধলাই জেলায় যথাযোগ্য মর্যাদায় স্বাধীনতা দিবস পালন করা হবে। গতকাল ধলাই জেলা শাসক কার্যালয়ের সভা গৃহে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। জেলা শাসক বিকাশ সিং-এর সভাপতিত্বে এই সভায় উপস্থিত ছিলেন বিভিন্ন দপ্তরের জেলা স্তরের আধিকারিকগণ, বি এস এফ, সি আর পি এফ, টি এস আর, বিভিন্ন এন জি ও-এর প্রতিনিধিগণ। সভায় আলোচনাক্রমে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়।

কর্মসূচির মধ্যে রয়েছে আগামী ১২ আগষ্ট বিকাল ৪টায় কুলাই দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হবে দড়ি টানাটানি। ১৩ আগষ্ট সকাল ৬টায় ডলুবাড়ি গেইট বাজার থেকে কুলাই দ্বাদশ শ্রেণী মাঠ পর্যন্ত পুরুষদের মধ্যে ক্রস কান্ট্রি দৌড় প্রতিযোগিতা এবং আমবাসা থানা থেকে কুলাই দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠ পর্যন্ত মহিলাদের মধ্যে ক্রস কান্ট্রি দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। আগামী ১৩ আগষ্ট সকাল ৯টায় আমবাসা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে শিশু প্রদর্শনী অনুষ্ঠিত হবে। এদিন সকাল ১০টায় অনুষ্ঠিত হবে প্রতিবন্ধীদের মধ্যে ক্রীড়া প্রতিযোগিতা। দুপুর ১২টায় আমবাসা চান্দ্রাইপাড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে ছাত্রছাত্রীদের মধ্যে বিতর্ক প্রতিযোগিতা। আগামী ১৪ আগষ্ট সকাল সাড়ে সাতটায় ডলুবাড়ি থেকে জওহরনগর জেলা শাসক কার্যালয় পর্যন্ত, আমবাসা রেল স্টেশন, কুলাই বাজারে বিশেষ সাফাই অভিযান করা হবে। আগামী ১৪ আগষ্ট সকাল ৮টায় কুলাই দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠ সংলগ্ন পুকুরে যুবক-যুবতীদের মধ্যে অনুষ্ঠিত হবে সাঁতার প্রতিযোগিতা। সকাল ১০টায় ডলুবাড়ি গেইট দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে ৩টি বিভাগে ছাত্রছাত্রীদের মধ্যে বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। বিকালে উত্তর নালীছড়া হাই স্কুল মাঠে মহিলাদের মধ্যে অনুষ্ঠিত হবে ফুটবল প্রতিযোগিতা।

আগামী ১৫ আগষ্ট স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে আয়োজিত হবে প্রভাত ফেরী। তারপর সূর্যোদয়ের সাথে সাথে সমস্ত বেসরকারী প্রতিষ্ঠানে, সকাল ৭টায় সমস্ত সরকারি প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। ১৫ আগষ্ট সকালে কুলাই দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে আনুষ্ঠানিক ভাবে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। জাতীয় পতাকা উত্তোলনের সাথে সাথে জাতীয় সঙ্গীত পরিবেশন, কুচকাওয়াজ ও ছাত্রছাত্রীরা পি টি প্রদর্শন করবে। তারপর অনুষ্ঠিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান। এদিন সকাল সাড়ে এগারটায় কুলাই জেলা হাসপাতালে এবং গঙ্গানগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হবে। ঐদিন বিকাল সাড়ে তিনটায় কুলাই দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সন্ধ্যা ৬টায় আমবাসা টাউন হলে হবে সাংস্কৃতিক অনুষ্ঠান। আমবাসা মহকুমার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ গ্রহণ করবেন।
